



Cosmo School

শ্রেণিঃ দ্বিতীয়

২য় পর্ব - ২০২০

বিষয়ঃ বাংলা (দাদির হাতের মজার পিঠা)

লেকচার শীট -১

তারিখঃ ২৭ - ০৬ - ২০২০

- শিক্ষার্থীরা 'দাদির হাতের মজার পিঠা' গল্পটির ১ম অংশ পড়বে ও বুঝবে।

মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ

শীতকাল - শীত ঋতু

পিঠাপুলি - বিভিন্ন রকম পিঠা

ধুম - জাঁকজমক

ওঠে নতুন ধান - ধান কেটে আনা হয়

টেকি - ধান এর খোসা ছাড়ানোর যন্ত্র

ধান ভানা - ধান থেকে খোসা ছাড়ানো

নানা ধরনের - অনেক রকম

অনুষ্ঠান - আয়োজন, উৎসব

মজাই আলাদা - অন্যরকম মজা

ভাপা পিঠা - এক ধরনের পিঠা

খেজুরের গুঁড় - খেজুরের রস দিয়ে বানানো গুঁড়

কোরা নারকেল - নারকেল এর গুঁড়া

- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।

মূলশব্দ দিয়ে প্রশ্নঃ

১। বাংলাদেশে শীতকালে কীসের ধুম পড়ে? উত্তরঃ পিঠাপুলি খাওয়ার।

২। শীতকালে ঘরে ঘরে কি ওঠে? উত্তরঃ নতুন ধান।

৩। কীসে ধান ভানা হয়? উত্তরঃ টেকিতে ।

৪। ধান ভানার পর কী পাওয়া যায়? উত্তরঃ চাল ।

৫। কী দিয়ে নানা রকমের পিঠা তৈরি করা হয়? উত্তরঃ চালের গুঁড়ো দিয়ে ।

৬। নানা ধরনের অনুষ্ঠানে কী খাওয়া হয়? উত্তরঃ পিঠা ।

৭। শীতকালে গরম গরম কীসের মজাই আলাদা? উত্তরঃ গরম গরম পিঠার ।

৮। শীতের ছুটিতে তুলি আর তপু কোথায় যায়? উত্তরঃ নিজেদের গ্রামের বাড়ি ।

৯। ঘুম থেকে উঠে তুলি আর তপু কী দেখে? উত্তরঃ দাদি পিঠা তৈরি করছেন ।

১০। দাদিমা কী পিঠা তৈরি করছিলেন? উত্তরঃ ভাপা পিঠা ।

১১। ভাপা পিঠা তৈরি করার উপকরণ কী কী? উত্তরঃ চালের গুঁড়া, খেজুরের গুঁড় ও কোরা নারকেল ।

১২। দশটি পিঠার নাম বল? উত্তরঃ খেজুর পিঠা, চুষি পিঠা, বিবিখানা পিঠা, চিতই পিঠা, ছিট পিঠা, সেমাই পিঠা, ভাপা পিঠা, পাটিসাপটা, পুলি পিঠা, নারকেল পিঠা ।

- শিক্ষার্থীরা গল্প থেকে যুক্তবর্ণ খুঁজে বের করবে ও দুইটি করে শব্দ তৈরি করার চেষ্টা করবে ।

যুক্তবর্ণঃ

ষ্ঠ = ষ + ঠ - অনুষ্ঠান, পৃষ্ঠা

ন্দ = ন + দ - সুন্দর, আনন্দ

- শিক্ষার্থী নিজের ভাষায় গল্পটির প্রথম অংশ বলবে ।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী